

West Bengal State University
B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2014
PART-III

বাংলা - সাম্মানিক

অষ্টম পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১) যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১ × ১৫ = ১৫
- ক) 'মেঘদূত' ও 'কুমারসম্ভব' কাব্য অবলম্বনে কালিদাসের কবি প্রতিভার পরিচয় দাও। $৭ \frac{১}{২} + ৭ \frac{১}{২}$
- খ) রামায়ণ কাহিনী অবলম্বনে রচিত ভবভূতির নাটকাবলী সম্পর্কে আলোচনা করুন। ভবভূতি তাঁর 'সমানধর্মার' জন্য কেন 'নিরবধিকাল' ও 'বিপুলা পৃথ্বীর' জন্য প্রতীক্ষা করার কথা ভেবেছিলেন? ১০ + ৫
- গ) শুদ্রকের জীবনকথা যতটা জানা যায় সংক্ষেপে বিবৃত করো। তাঁর রচিত 'মৃচ্ছকটিক' নাটকের নামকরণের এবং এটিকে 'প্রকরণ' আখ্যা দেওয়ার তাৎপর্য ব্যাখ্যা করো। সংক্ষেপে নাটকটির বিষয়বস্তু বিশ্লেষণ করে সংস্কৃত নাট্যসাহিত্যে-এর অভিনবত্ব সম্পর্কে আলোচনা করো। ৫ + ৫ + ৫
- ২) যে-কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো : ১ × ৫ = ৫
- ক) বিক্রমবর্শীয়
- খ) হর্ষচরিত
- গ) কাদম্বরী
- ঘ) গীতগোবিন্দ।

- ৩) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১ × ১৫ = ১৫
- ক) শেক্সপীয়রের জীবনকথা সংক্ষেপে বিবৃত করে তাঁর নাট্য সাহিত্যের বৈশিষ্ট্য নিরূপণ করো। ৫ + ১০
- খ) ঐতিহাসিক উপন্যাসের রচয়িতা রূপে স্কটের কৃতিত্বের মূল্যায়ন করো। বাংলা উপন্যাস সাহিত্যে তাঁর প্রভাব আলোচনা করো। ৯ + ৬
- গ) 'সুন্দর অথচ ব্যর্থ এক দেবদূত, শূন্যে ঝাপটাচ্ছেন তাঁর উজ্জ্বল ডানা'— কবি সম্বন্ধে এই উক্তিটি কতখানি প্রযোজ্য শেলির কবিতা অবলম্বনে তা পরিস্ফুট করো। ১৫
- ৪) যে-কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো : ১ × ৫ = ৫
- ক) দি ওয়েস্ট ল্যান্ড
- খ) প্যারাদাইস্ লস্ট
- গ) প্যারাদাইস্ রিগেনড্
- ঘ) ভেনাস এণ্ড এডোনিস্
- ঙ) অলিভার টুইস্ট।
- ৫) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১ × ১৫ = ১৫
- ক) হিন্দী সাহিত্যে মহাদেবী বর্মার কাব্যসাধনা সম্পর্কে একটি নিবন্ধ রচনা করো। ১৫
- খ) আঞ্চলিক উপন্যাস রচনায় ফণীশ্বরনাথ রেণুর কৃতিত্বের পরিচয় দাও। ১৫
- গ) হিন্দী উপন্যাস সাহিত্যে প্রেমচন্দ্রের স্থান নির্ণয় করো। ১৫
- ৬) যে-কোনো দুটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো : ২ × ৫ = ১০
- ক) ভারতেন্দু যুগ
- খ) ভারত দুর্দশা
- গ) কুকুরমুঞ্জ
- ঘ) বড়ে ঘর কী বেটি
- ঙ) স্মৃতি কী রেখায়োঁ
- চ) পল্টুবাবু রোড

- ৭) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১ × ১৫ = ১৫
- ক) 'রীতিরাত্মা কাব্যস্য' — এই মন্তব্যটির ব্যাখ্যা করুন এবং কাব্যের অম্মা বিচারে রীতির গ্রহণযোগ্যতা কতখানি তার বিচার করো।
- খ) 'শ্রেষ্ঠ কাব্য নিজের বাচ্যার্থে পরিসমাপ্ত না হয়ে বিষয়াস্তরের ব্যঞ্জনা করে' — আলোচনা করো।
- গ) "রসের মানসিক উপাদান যে ভাব, তা দুঃখময় হ'লেও তার পরিণাম যে 'রস' তা নিত্য আনন্দের হেতু" — আলোচনা করো।
- ৮) টীকা লেখো : (যে-কোনো একটি) ১ × ৫ = ৫
- ক) স্থায়ীভাব
- খ) সহৃদয় হৃদয়সংবাদী
- গ) রসধ্বনি শ্রেষ্ঠ ধ্বনি।
- ৯) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১ × ১৫ = ১৫
- ক) "সাহিত্য ব্যক্তি বিশেষের নহে, তাহা রচয়িতার নহে, তাহা দৈববাণী" — 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধ অনুসরণে রবীন্দ্রনাথের বক্তব্যের মর্মকথাটি বুঝিয়ে দাও। ১৫
- খ) "সৌন্দর্য মূর্তিই মঙ্গলের পূর্ণ মূর্তি এবং মঙ্গল মূর্তিই সৌন্দর্যের পূর্ণ স্বরূপ।" — আলোচনা করো। ১৫
- গ) "অস্তরের জিনিসকে বাহিরের, ভাবের জিনিসকে ভাষার, নিজের জিনিসকে বিশ্বমানবের এবং ক্ষণকালের জিনিসকে চিরকালের করিয়া তোলা সাহিত্যের কাজ" — রবীন্দ্রনাথের 'সাহিত্যের বিচারক' প্রবন্ধ অবলম্বনে বিষয়টির প্রতি আলোকপাত করো। ১৫